দৈনিক
ইত্তেফাক

তারিখ .12 .AUG .2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

শিক্ষা মন্ত্রণালয়ে 'লেনদেন'

# প্রমাণ না থাকায় কিছুই করা যাচ্ছে না বললেন শিক্ষামন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

এমপিওভুক্তিসহ কোন কাজে শিক্ষা মন্ত্রণালয় এবং অধীনস্থ কোন দপ্তরের কাউকে ঘুষ না দেয়ার আহবান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষা প্রতিষ্ঠান, এমপিওভুক্তি, নিয়োগ-বদলিতে (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়ে

(প্রথম পৃঃ পর)

'লেনদেনের' বিষয় উল্লেখ করে মন্ত্রী বলেন, এতে আমি দারুণভাবে মর্মাহত হয়েছি। কিন্তু উপযুক্ত প্রমাণের অভাবে ব্যবস্থা নেয়া সম্ভব হয় না। তিনি এ বিষয়ে সাংবাদিকসহ সবার সহযোগিতা কামনা করেন। গতকাল মঙ্গলবার মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।

মন্ত্রী বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও প্রকল্প এবং বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ নিয়ম-নীতি, আইন ও বিধিমালা অনুসরণ করেই অফিসের কাজ করতে হবে। এরপরেও কোন কর্মকর্তা-কর্মচারী বা দালাল ঘুষ দাবি করলে উপযুক্ত প্রমাণসহ বিষয়টি সরাসরি টেলিফোনে, ফ্যাক্সে বা ই-মেইলে আমাকে অবহিত করবেন। ঘটনার সত্যতা প্রমাণিত হলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি জানান।

শিক্ষামন্ত্রী আরো বলেন, আমি শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পর একাধিক সভা-সমাবেশে শিক্ষা মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তরসমূহে দুর্নীতিমুক্ত কর্ম পরিবেশ গড়ে তোলার আহবান জানিয়েছিলাম। তা সত্ত্বেও পত্র-পত্রিকাসহ বিভিন্ন মাধ্যমে এমপিওভুক্তি, পাঠদানের অনুমতি, একাডেমিক স্বীকৃতি প্রদানসহ বিভিন্ন কাজে অর্থ লেনদেনের অভিযোগ অবহিত হয়ে মর্মাহত হয়েছি। তিনি বলেন, যারা ঘুষ গ্রহণ করবে তাদের ক্ষমা নেই। তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। মন্ত্রণালয়ের সচিব সৈয়দ আতাউর রহমান, অতিরিক্ত সচিবদ্বয়, যুগ্মসচিবগণ এসময় উপস্থিত ছিলেন। মন্ত্রীর কাছে অভিযোগ দেয়ার জন্য টেলিফোন নম্বর-৭১৬১৩৯৫, ফ্যাক্স নম্বর-৭১৬৩৩২২ এবং ই-মেইল নম্বর: minister@moedu.gov.bd